
uttoron
Skills for better life

Chevron | swisscontact

# উত্তরণ নিউজলেটার

সংখ্যা ৫। মে-জুলাই ২০২১




## জাতীয় পর্যায়ে প্রথমবারের মতো প্যাকেজিং এন্ড ফিনিশিং অপারেশন অকুপেশনের অনুমোদন

দেশে প্রথমবারের মত উত্তরণ প্রকল্পের মাধ্যমে জাতীয় পর্যায়ে অনুমোদন পেতে যাচ্ছে পিএফও প্রশিক্ষণ। গত ২৮ জুলাই ২০২১ তারিখে বাংলাদেশ সরকারের জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) একটি ভার্চুয়াল কর্মশালার মাধ্যমে নতুন পিএফও প্রশিক্ষণের মান মূল্যায়ন করে। কর্মশালায় নতুন পিএফও প্রশিক্ষণ পাঠ্যক্রমকে এনএসডিএ লেভেল ২ এবং লেভেল ৩ হিসেবে স্বীকৃতি দিয়েছে।

বর্তমানে প্যাকেজিং শিল্পের বৈশ্বিক বাজার মূল্য ৮৫০ বিলিয়ন ডলার এবং তা দিন দিন বেড়েই চলছে। বাংলাদেশ যাতে বৈশ্বিক বাজারে আরো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে সে লক্ষ্যেই দেশের জন্য দক্ষ এবং প্রশিক্ষিত কর্মী তৈরি প্রয়োজন। এ লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে ২০২১ সালের ফেব্রুয়ারী মাস থেকে উত্তরণ প্রকল্প পিএফও প্রশিক্ষণ পাঠ্যক্রমকে বাংলাদেশ সরকারের দক্ষতা উন্নয়নের সর্বোচ্চ সংস্থা এনএসডিএ থেকে অনুমোদন করানোর প্রক্রিয়া শুরু করে।

উল্লেখ্য, এ মহতী উদ্যোগকে সফল করার উদ্দেশ্যে গত ৯ ফেব্রুয়ারি ২০২১ তারিখে উত্তরণ, আরএমজি এন্ড টেক্সটাইল ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল (আরটিআইএসসি) এবং বাংলাদেশ গার্মেন্টস এক্সেসোরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএপিএমইএ) একটি ত্রিপাক্ষিক চুক্তি স্বাক্ষর করে। এনএসডিএ পরবর্তীতে চূড়ান্ত অনুমোদনের জন্য পিএফও প্রশিক্ষণ পাঠ্যক্রমটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রক্রিয়াধীনে পাঠিয়েছে। চূড়ান্ত অনুমোদন পাবার পর উত্তরণ প্রকল্পের পিএফও প্রশিক্ষণ কোর্সটি দেশের বিভিন্ন দক্ষতা উন্নয়ন প্রকল্পের সাথে যুক্ত হতে পারবে।

ভার্চুয়াল এই কর্মশালাতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দুলাল কৃষ্ণ সাহা, নির্বাহী চেয়্যারম্যান (সচিব), এনএসডিএ। এছাড়াও কর্মশালাতে উপস্থিত ছিলেন এনএসডিএ, আরটিআইএসসি, বিজিএপিএমইএ এবং উত্তরণ প্রকল্পের প্রতিনিধিবৃন্দ।



# প্রশিক্ষকগণের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত হলো কর্মশালা




উত্তরণের ঢাকা অঞ্চলের ট্রেনিং পার্টনার প্রতিষ্ঠানের প্রশিক্ষকদের জন্য ৭-১১ জুন ২০২১ তারিখে আয়োজন করা হয় ট্রেনিং অফ ট্রেইনার্স (টিওটি) কর্মশালা। যা প্রকল্পের প্রত্যাশিত ফলাফল অর্জনে উত্তরণের প্রশিক্ষণ সহযোগী প্রতিষ্ঠানমূহের প্রশিক্ষকদের দক্ষতা উন্নয়নে সাহায্য করে। বাংলাদেশ সরকারের কম্পিটেন্সি- বেইসড ট্রেনিং এন্ড এসেসমেন্ট মান অনুসারে কর্মশালাটি আয়োজন করা হয়।


পাঁচ দিনের এই কর্মশালাতে প্রকল্পের ঢাকা অঞ্চলে প্রশিক্ষণ সহযোগী প্রতিষ্ঠান ইউসেপ বাংলাদেশের প্রশিক্ষকরা স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন। কর্মশালাতে দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ ও মূল্যায়নের পাশাপাশি কার্যকরী যোগাযোগ ও শিক্ষার্থীদের মাঝে অন্তর্ভুক্তির প্রয়োজনীয়তা, কার্য বিশ্লেষণ, পেশাদারী নিরাপত্তা ও স্বাস্থ্যবিধি নিয়েও আলোচনা করা হয়। অংশগ্রহণকারীদের সাথে বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট বিধিবিধান ও নির্ধারিত মান আলোচনা করা হয়। উল্লেখ্য, সহযোগী প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধির অভিষ্ট লক্ষ্য অর্জন করাই ছিল এই কর্মশালার মুখ্য উদ্দেশ্য। উত্তরণ প্রকল্পের আওতায় ইউসেপ-এর ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকার ট্রেনিং সেন্টারের মাধ্যমে বেকার ও সুবিধা বঞ্চিত যুবারা প্রশিক্ষণে অংশগ্রহন ও প্রশিক্ষণ পরবর্তী উপার্জনমূলক কাজে সম্পৃক্ত হওয়ার সুযোগ পাবে।

# পেশাগত স্বাস্থ্য সুরক্ষা এবং নিরাপত্তা ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ




চলতি বছরের ১৩-১৫ জুন এবং ২৩-২৫ জুন তারিখে উত্তরণ প্রকল্পের প্রশিক্ষণ সহযোগী প্রতিষ্ঠানের প্রকল্প সংশ্লিষ্ট ব্যক্তিদের জন্য তিন দিনব্যাপী অকুপেশনাল হেলথ এন্ড সেইফটি এডমিনিস্ট্রেশন কর্মশালার আয়োজন করা হয়। কর্মক্ষেত্রে নিরাপত্তা নিয়ে প্রকল্পের শুরু থেকেই উত্তরণ সর্বাধিক গুরুত্ব দিয়ে আসছে। সে উদ্দেশেই এই প্রশিক্ষণটি আয়োজন করা হয়। ইকিউএমএস কন্সাল্টিং কর্মশালাটি পরিচালনা করে। উত্তরণের হবিগঞ্জ ও মৌলভীবাজারের ট্রেনিং পার্টনার টিএমএসএস এবং ঢাকার ট্রেনিং পার্টনার ইউসেপ-এর প্রশিক্ষক এবং অন্যান্য কর্মকর্তাবৃন্দ উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

# ঢাকা এবং সিলেটে প্রশিক্ষণার্থী বাছাই



১৪-২৭ জুন ২০২১ তারিখে ঢাকা ও সিলেটে উত্তরণের প্রি-ট্রেনিং ওরিয়েন্টেশন কর্মশালা অনুষ্ঠিত হয়, যেখানে মোট ৩৭৬ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। এ কার্যক্রমে উত্তরণ প্রশিক্ষণের জন্য সঠিক প্রশিক্ষণার্থী নির্বাচন করার পাশাপাশি উত্তরণের প্রশিক্ষণার্থীদের পেশাগত উন্নয়নের বিভিন্ন কৌশল শিখানো হয়।

# প্রকল্পের কিছু অর্জন

| | | |
|---|---|---|
| **১১৪,৫৪৬**<br>কমিউনিটি সদস্যদের প্রকল্প সম্পর্কে অবহিত করা হয়েছে | **১,১৫৫**<br>প্রার্থী প্রশিক্ষণে চূড়ান্তভাবে নির্বাচিত হওয়ার লক্ষ্যে প্রশিক্ষণ পূর্ব ওরিয়েন্টেশন কর্মশালায় অংশগ্রহণ করেছে | **৪০৫**<br>প্রশিক্ষণার্থী সফলভাবে প্রশিক্ষণ সম্পন্ন করেছে |
| **২৬%**<br>নারী গ্রাজুয়েট | **৭২%**<br>প্রথম ব্যাচ গ্রাজুয়েট চাকুরিতে নিয়োজিত হয়েছে | **পিএফও**<br>প্যাকেজিং এন্ড ফিনিশিং অপারেশন ট্রেড জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ)'র লেভেল ২ এবং ৩ গ্রেডের অনুমোদন |

**সরকারি এবং বেসরকারি খাতের সাথে কয়েকটি গুরুত্বপূর্ণ চুক্তি স্বাক্ষর করেছে উত্তরণ প্রকল্প**



uttoron
*Skills for better life*

Chevron | swisscontact



***শাহানা বেগম***, *দেওপাড়া, গজনাইপুর ইউনিয়ন, নবীগঞ্জ, হবিগঞ্জ, এসিস্ট্যান্ট অপারেটর, প্রাণ-আরএফএল ইন্ডাস্ট্রিয়াল পার্ক, হবিগঞ্জ*

# শাহানার স্বপ্ন জীবনে অনেক দূর যাবার

বেশ উচ্ছ্বসিত শাহানা। কাজের চাপে সপ্তাহের কার্যদিনে সময় না দিতে পেরে, ছুটির দিনে কথা বলার সুযোগ হল তার সাথে। উত্তরণ থেকে প্রশিক্ষণ পাওয়ার পরে তার নতুন জীবনের ব্যস্ততার কথা খুলে বলেন তিনি, *"ফ্যাক্টরির জেনারেল সার্ভিস টিমের সাথে কাজ করার প্রেক্ষিতে এখন আমার সারাদিনই ব্যস্ততা। অন্যদের ওভার-টাইম গুনতে গিয়ে নিজের সময়ের কথাই মনে থাকে না"* হাসতে হাসতে বলেন শাহানা। তিনি কাজ করেছেন স্কুল শিক্ষক হিসেবে, কোন একদিন কলেজ শিক্ষক হবেন এই স্বপ্ন নিয়ে। স্কুল শিক্ষক হিসেবে সমাজে মর্যাদা পাচ্ছিলেন, কিন্তু পরিবারের খরচ মেটাতে পারছিলেন না। তাই শাহানা যোগদান করেন উত্তরণের প্রশিক্ষণে, একটি ভাল চাকরির আশায়, যা তাকে স্বাবলম্বী জীবন ও সম্মান দুটোই দিবে। শাহানার হাসিই বলে দেয় যে উত্তরণ তাকে আশাহত করেনি।

গজনাইপুর ইউনিয়নের দেওপাড়া গ্রামের মেয়ে শাহানা। বাবা-মা ভাই বোন মিলে পরিবারের সদস্য মোট নয় জন। একদিন এলাকায় গণপ্রচারণায় উত্তরণের কথা শুনে প্রশিক্ষণে যোগদান তার। সেখানে তিনি তিন মাসের ট্রেনিং সম্পন্ন করেন টিএমএসএস টেকনিক্যাল ট্রেনিং সেন্টারে। প্রশিক্ষণ শেষে এখন সে ছয় মাস ধরে হবিগঞ্জের প্রাণ-আরএফএল ইন্ডাস্ট্রিয়াল পার্কে সহকারী অপারেটর হিসেবে কাজ করছে। কমপ্লায়েন্স কোঅর্ডিনেটর সহকারী হিসাবে কাজ করছে সে। এ ব্যাপারে শাহানা বলেন *"আমি ট্রেনিং করেছিলাম ইলেক্ট্রিক্যাল ইন্সলেশন এবং মেইনটেন্যান্স (ইআইএম) যা আমার বর্তমান কাজের সাথে পুরোপুরি মিলে না, কিন্তু আমার কাজের দক্ষতা বিবেচনায় নিয়োগকর্তা আমাকে বর্তমান পদে নিয়োগ করেন"*। শাহানা তার কলেজ শিক্ষক হওয়ার স্বপ্ন থেকে পিছিয়ে আসেনি, এখন সে সহকারী অপারেটর হিসাবে ফুল-টাইম কাজ করার পাশাপাশি ভর্তি হয়েছেন জাতীয় বিশ্ববিদ্যালয়ে এবং এ ব্যাপারে তার সুপারভাইজারের সমর্থন রয়েছে।

সব কিছু মিলিয়ে শাহানা তার ইউনিয়নে আত্ম ক্ষমতায়নের এক দারুণ দৃষ্টান্ত সৃষ্টি করেছে, যেখানে অনেক মেয়েই এখন শাহানার দেখানো পথ ধরে সামনে এগোতে চায়। এ ব্যাপারে শাহানা বলেন *"একজন নারী কর্মী হিসাবে আমার কখনোই মনে হয়নি যে আমি আমার লক্ষ্যে পৌঁছাতে পারবো না, উত্তরণের প্রশিক্ষণ আমার সেই বিশ্বাসকেই জোগান দিয়েছে। আমার নিজের উপর সম্পূর্ণ বিশ্বাস আছে যে, আল্লাহর রহমতে আমি আমার কর্মজীবনের মূল লক্ষ্যে পৌঁছাতে পারবো।"*

> "একজন নারী কর্মী হিসাবে আমার কখনোই মনে হয়নি যে আমি আমার লক্ষ্যে পৌঁছাতে পারবো না, উত্তরণের প্রশিক্ষণ আমার সেই বিশ্বাসকেই জোগান দিয়েছে। আমার নিজের উপর সম্পূর্ণ বিশ্বাস আছে যে, আল্লাহর রহমতে আমি আমার কর্মজীবনের মূল লক্ষ্যে পৌঁছাতে পারবো"

উত্তরণ - উন্নত জীবনের লক্ষ্যে
**সুইসকন্ট্যাক্ট বাংলাদেশ**
হাউজ-২৮, রোড-৪৩, গুলশান-২, ঢাকা ১২১২, বাংলাদেশ
www.swisscontact.org/bangladesh

uttoron
*Skills for better life*

Chevron

swisscontact